JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের বেসরকারি, অলাভজনক কলেজ ও বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়নে সহায়তার জন্য 21.3 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের ঘোষণা দিয়েছেন।

অনুদানের অর্থায়ন ফ্যাসিলিটিগুলোর আধুনিকায়ন, ছাত্রদের অভিজ্ঞতা সমৃদ্ধ করা এবং অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করায় ক্যাম্পাসগুলোকে সাহায্য করবে।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কের 35 টি কলেজ ও বিশ্ববিদ্যালয়ে বড় মাপের প্রকল্পের জন্য 21.3 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদানের ঘোষণা করেন। এই অনুদান হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং গ্র্যান্ট প্রোগাম (Higher Education Capital Matching Grant Program, HECap) থেকে আসছে এবং হেক্যাপ (HECap) বোর্ড কর্তৃক প্রদত্ত, যেটি নির্মাণকাজ সংক্রান্ত কর্মসংস্থান সৃষ্টি করে এবং স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে বিনিয়োগ করে এমন প্রকল্পের জন্য বেসরকারি, অলাভজনক কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোকে ম্যাচিং গ্র্যান্ট প্রদান করে থাকে। প্রকল্পের মধ্যে যা যা রয়েছে তার মধ্যে কয়েকটি হলো নতুন আবাসিক হল ও কনফারেন্স ফ্যাসিলিটির নির্মাণ, অ্যাথলেটিক ফ্যাসিলিটির সম্প্রসারণ এবং সর্বাধুনিক সায়েন্স ফ্যাসিলিটিকে উদ্ভাবনী প্রযুক্তি ও উপকরণে সমৃদ্ধ করা। শিক্ষার গুনগত মান ও জীবনমান উন্নত করার জন্য যা সম্পন্ন করা হচ্ছে তার মধ্যে নতুন শ্রেণীকক্ষের জায়গা এবং টেকসই নিরাপত্তা ও অবকাঠামোগত উন্নয়নও রয়েছে।

"নিউ ইয়র্কের একটি বিশ্বমানের শিক্ষা ব্যবস্থা আছে এবং নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সাফল্যের জন্য একটি অনুকূল জীবনযাপন এবং শেখার পরিবেশ প্রদানের জন্য আমাদের শিক্ষা প্রতিষ্ঠানে বিনিয়োগ চালিয়ে যেতে হবে", **গভর্নর কুওমো বলেন**। "আমাদের কলেজ ক্যাম্পাসে এই বিনিয়োগগুলো শুধু আমাদের পরবর্তী প্রজন্মের নেতাদের সুবিধা দেবে না, এগুলো আমাদের কমিউনিটিকেও শক্তিশালী করবে এবং সমগ্র স্টেটের অর্থনৈতিক সমৃদ্ধি নিয়ে আসবে।"

"আজকে যে অর্থায়ন ঘোষণা করা হয়েছে তা উচ্চশিক্ষার প্রতি আমাদের চলমান স্টেটজোড়া অঙ্গীকার এবং শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্কের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে এক ব্যতিক্রমী অভিজ্ঞতা নিশ্চিত করার একটি অংশ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "স্টেটের সহায়তায় এই বিনিয়োগগুলো স্টেটজুড়ে ক্যাম্পাস ও সহায়তার আধুনিকায়নের মাধ্যমে বৃদ্ধি ও সাফল্য লাভ করবে।"

গভর্নরের নেতৃত্বে হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং গ্র্যান্ট প্রোগ্রাম স্টেটের বিভিন্ন ক্যাম্পাসকে তাদের অবকাঠামো এবং সরঞ্জাম নির্মাণে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার জন্য সক্রিয় করেছে পাশাপাশি

নির্মাণ কর্মসংস্থান সৃষ্টি করেছে। যে সব ক্যাম্পাস অনুদান গ্রহণ করে তাদেরকে তাদের গৃহীত প্রতি 1 মার্কিন ডলারের জন্য তাদের নিজস্ব তহবিল থেকে কমপক্ষে 3 মার্কিন ডলার বিনিয়োগ করতে হয়। গত 30 জুলাই এক বৈঠকে 35 টি প্রকল্পে HECap বোর্ড 21.3 মিলিয়ন মার্কিন ডলার অ্যাওয়ার্ডের অনুমোদন দিয়েছে।

বোর্ডের পক্ষ থেকে প্রোগ্রাম পরিচালনাকারী যে সব প্রকল্প ডরমিটরি অথোরিটি অব নিউ ইয়র্ক (Dormitory Authority of the State of New York, DASNY) থেকে তহবিল পেয়েছে তাদের একটি পূর্ণাঙ্গ তালিকা পাওয়া যাবে এখানে। অঞ্চলের দ্বারা পুরস্কৃত অর্থের পরিমাণ হল:

- ক্যাপিটাল রিজিয়ন: 1.3 মিলিয়ন মার্কিন ডলার
- ফিঙ্গার লেকস: 2.3 মিলিয়ন মার্কিন ডলার
- লং আইল্যান্ড: 3.3 মিলিয়ন মার্কিন ডলার
- মোহক ভ্যালি: 312,711 মার্কিন ডলার
- মিড-হাডসনঃ 3.7 মিলিয়ন মার্কিন ডলার
- নর্থ কান্ট্রি: 825,385 মার্কিন ডলার
- নিউ ইয়র্ক সিটি: 5.9 মিলিয়ন মার্কিন ডলার
- পশ্চিম নিউ ইয়র্কঃ 3.6 মিলিয়ন মার্কিন ডলার

এই সাম্প্রতিকতম রাউন্ডে অনুদানের জন্য নির্বাচিত প্রকল্পগুলিকে একটি প্রতিযোগিতামূলক আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে বেছে নেওয়া হয়েছে। তিন সদস্যের হেক্যাপ বোর্ডের মধ্যে একজন সদস্য বেছে নিয়েছেন সংসদের স্পিকার, একজন সদস্য বেছে নিয়েছেন সেনেটের অস্থায়ী প্রেসিডেন্ট, আর একজন তৃতীয় সদস্যকে বেছে নিয়েছেন গভর্নর। তিন সদস্যের HECap বোর্ডের মধ্যে একজন সদস্য বেছে নিয়েছেন সংসদের স্পিকার, একজন সদস্য বেছে নিয়েছেন সেনেটের অস্থায়ী প্রেসিডেন্ট, আর একজন তৃতীয় সদস্যকে বেছে নিয়েছেন গভর্নর।

জেরার্ড পি. বুশেল, DASNY এর প্রেসিডেন্ট ও সিইও বলেন, "HECap বোর্ডের পক্ষ থেকে অনুদান পরিচালনা করতে পেরে DASNY সন্তুষ্ট। আমাদের উচ্চ শিক্ষা সুবিধাকে আধুনিক করার জন্য প্রতিটি ডলার খরচ তাদেরকে শেখা, উদ্ভাবন এবং চূড়ান্তভাবে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সম্পদ প্রদান করার মাধ্যমে আমাদের পরবর্তী প্রজন্মের জন্য একটি বিনিয়োগ।"

সেনেটর টবি অ্যান স্ট্যাভিস্কি বলেন, "আমাদের তরুণদের মধ্যে বিনিয়োগ এবং বিশ্বমানের শিক্ষা উপার্জনের মাধ্যমে তাদের সম্ভাবনা বের কর আনার জন্য তাদের ক্ষমতায়ন করা স্টেট সরকারের একটি শীর্ষ অগ্রাধিকার হতে হবে। HECap অনুদান এই বেসরকারি এবং অলাভজনক কলেজগুলোকে তাদের শিক্ষার্থীদের আরো ভালোভাবে সেবা করার জন্য প্রয়োজনীয় উন্নতিসাধনের সুযোগ করে দেবে। সিনেট উচ্চতর শিক্ষা কমিটির সভাপতি হিসেবে, আমি আমাদের শিক্ষা ও উচ্চশিক্ষা ব্যবস্থায় বিনিয়োগ অব্যাহত রাখার জন্য এবং আমাদের সরকারী প্রতিষ্ঠানকে সহায়তা, স্টেটের বিনিয়োগ এবং তাদের প্রাপ্য মূলধন প্রদানের জন্য আইনসভায় সহকর্মীদের সাথে এবং গভর্নর কুওমোর সাথে কাজ করার আশায় রইলাম।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ জে. গ্লিক বলেন, "নিউ ইয়র্ক শিক্ষায় অত্যাবশ্যক বিনিয়োগ করে চলেছে। আইনসভা এবং গভর্নরের আমাদের শিক্ষার্থীদের প্রতি এবং আমাদের বেসরকারি, অলাভজনক কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো দেশের সবচেয়ে মর্যাদাপূর্ণ কলেজ বিশ্ববিদ্যালয়ের মধ্যে আছে তা নিশ্চিত করার জন্য অবিচল অঙ্গীকার রয়েছে।"

স্বাধীন কলেজ ও বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কমিশনের (Commission on Independent Colleges and Universities) সভাপতি মেরি বেথ লিবেট বলেন, "সরকারি ডলার দিয়ে বেসরকারি বিনিয়োগ করার মাধ্যমে HECap প্রোগ্রাম নিউ ইয়র্কের বিভিন্ন কমিউনিটির মধ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উদ্দীপিত করে, পাশাপাশি নিশ্চিত করে যে নিউ ইয়র্ক উচ্চ শিক্ষা ও উদ্ভাবন অর্থনীতিতে বিশ্বে শীর্ষস্থানে রয়ে গেছে। সরাসরি বেসরকারি, অলাভজনক ক্যাম্পাসগুলোতে দ্বারা বিনিয়োগ করা তহবিল সহ একসঙ্গে, ম্যাচিং প্রোগ্রাম আমাদের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোর জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ব্যবহার করেছে। নিউ ইয়র্ককে আগামী বছরগুলোতে ফিরে পাওয়ার মতো একটি বিনিয়োগ প্রদানের জন্য আমরা গভর্নর কুওমো এবং স্টেট আইনসভাকে ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন